যুগান্তর

৭/৮/২০০৩

তারিখ ...
পৃঃ ১৫ কলাম ২

# ভোলার সরকারি স্কুলগুলোতে হিন্দুধর্ম বিষয়ক শিক্ষক নেই

ভোলা প্রতিনিধি

ভোলার সরকারি হাইস্কুলগুলোতে হিন্দুধর্ম বিষয়ক কোন শিক্ষক না থাকায় ওই বিষয়ে না পড়েই ছাত্রছাত্রীদের পরীক্ষায় অংশ নিতে হচ্ছে। শিক্ষা মন্ত্রণালয়ের সরকারি স্কুলের জন্য শিক্ষক নিয়োগ বিজ্ঞপ্তিতে গত ১০ বছরে ওই বিষয়ের কোন শিক্ষক নিয়োগ করা হয়নি।

জেলা শিক্ষা অফিস সূত্রে জানা যায়, ভোলায় ৬টি সরকারি হাইস্কুল রয়েছে। এই স্কুলগুলোর কোনটিতেই হিন্দুধর্ম বিষয়ক শিক্ষক নেই। ভোলা সরকারি বালক উচ্চ বিদ্যালয়ে গত ৩ বছর ধরে অবসরপ্রাপ্ত একজন শিক্ষক দিয়ে চুক্তিভিত্তিক ক্লাস করানো হচ্ছে। বালিকা উচ্চ বিদ্যালয়টিতে ওই বিষয়ের কোন শিক্ষক না থাকায় এর কোন ক্লাসই হচ্ছে না। অন্য বিষয়ের শিক্ষকরা কখনও কখনও দু'একটি ক্লাস নিয়ে থাকেন। দৌলতখান ও তজুমদ্দিন উপজেলার স্কুলগুলোতে আরও বেহাল অবস্থা। ফলে স্কুল ফাইনালসহ এসএসসি পরীক্ষায় অংশ নিতে ছাত্রছাত্রীদের দুর্ভোগ পোহাতে হয়। স্বউদ্যোগে বাড়িতে পারিবারিকভাবে ধর্ম বিষয়ে পড়ালেখা করতে হচ্ছে। অনেক ক্ষেত্রে পড়ালেখা না হওয়ার কারণে পরীক্ষার্থীরা নকলের আশ্রয় নিচ্ছে।

গত ৭ জুলাই শিক্ষা মন্ত্রণালয় বিভিন্ন জাতীয় পত্রিকায় ১০৭২ জন শিক্ষকের জন্য নিয়োগ বিজ্ঞপ্তি দিয়েছে। কিন্তু এ বিজ্ঞপ্তিতে হিন্দুধর্ম শিক্ষা বিষয়ের কোন উদ্যোগ নেই। ফলে এ বিষয়ের নির্ধারিত শিক্ষকগণ প্রতি বছরই দু'একজন অবসর নিচ্ছেন। কিন্তু নতুন নিয়োগ না হওয়ায় শূন্যতা বেড়েই চলছে।